# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

Jalalabad Gas Transmission and Distribution System Limited

পেট্রোবাংলার একটি কোম্পানী (A Company of Petrobangla)

গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০

বিষয়ঃ <u>"সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বিষয়ে অংশিজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।</u>

সভাপতি : প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন)
তারিখ : ৩১ মে ২০২২
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : আরডিডি সিলেট মেট্রো এর দপ্তর, কুমারগাঁও, সিলেট
উপস্থিত সদস্য : উপস্থিতি তালিকা সংযুক্ত।

কোম্পানীর আরডিডি সিলেট-মেট্রো এর দপ্তর, কুমারগাঁও, সিলেট এ গত ৩১ মে ২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন, মহাব্যবস্থাপক (অপারেশন) এর সভাপতিত্তে "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" বিষয়ে জেজিটিডিএসএল-এর প্রতিনিধিবৃন্দ এবং অংশীজনদের সমন্বয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি উপস্থিত অংশীজন ও কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। আলোচনাঃ

- সিএনজি শেণীর গ্রহকদের প্রতিনিধিগণ বর্তমানে দৈনিক ৫ ঘন্টা করে সিএনজি স্টেশন বন্ধ রাখার বিষয়ে জানতে চাইলে এবিষয়ে সরকারী নির্দেশনার বিষয়টি ও গ্যাস লোড ম্যানেজমেন্ট এর জন্য এটি অপরিহার্য্যভাবে করার প্রয়োজন হয় বলে সভায় অবহিত করেন। বন্ধ থাকালীন সময়ে কোন প্রকার চাপের মুখে সিএনজি না দেওয়ার জন্য এবং এবিষয়ে সরকারী নির্দেশনা যথাযথ পালনের জন্য প্রতিনিধিদের অনুরোধ করা হয়।
- মেসার্স মদিনা সিএনজি-এর প্রতিনিধি মহোদয় সিএনজি ফিলিং স্টেশন শিফ্টিং করা যাবে কিনা যানতে চাইলে সভাপতি মহোদয় সভায় জানান যে, প্রয়োজনীয় সকল কাগজপত্র ও সংযোগ সংক্রান্ত সকল শর্তাদি পূরন হলে লোড অপরিবর্তিত রেখে সিএনজি ফিলিং স্টেসন শিফ্টিং এর সুযোগ আছে।
- শিল্প শ্রেণীর গ্রাহকদের প্রতিনিধিগণ শিল্পে গ্যাস লোড বৃদ্ধির বিষয়ে জানতে চাইলে, প্রয়োজনীয় কাগজপত্র দাখিল ও লাইনের ক্যাপাসিটি থাকা সাপেক্ষে এবং কোম্পানির পরিচালনা পর্ষদ-এর অনুমতি সাপেক্ষে শিল্প শ্রেণীতে লোড বাড়ানোর সুযোগ আছে বলে গ্রাহকদের অবহিত করা হয়। তবে নতুন সংযোগের ক্ষেত্রে শুধুমাত্র বিসিক এরিয়ার মধ্যে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংযোগ চালু আছে।
- "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" -এ উল্লিখিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা না হলে প্রতিকারের বিষয়ে সম্মানিত গ্রহকগণ জানতে চাইলে, প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ আবেদন পত্র দাখিল ও গৃহীত হওয়ার পর গ্যাস আইন, গ্যাস বিপণন নিয়মাবলী, গ্যাস সংযোগ সংক্রান্ত সরকারী পরিপত্র/আদেশ সমূহ মোতাবেক গ্রাহকদের গ্যাস সংযোগ সংক্রান্ত সেবা প্রদান করা হয়, নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান কাজ সম্পন্ন না হলে অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাধ্যমে অভিযোগ দাখিলের ব্যবস্থা আছে।
- বাণিজ্যিক শ্রেণীর গ্রাহকদের গ্যাস সংযোগ ও গ্যাস লোড বৃদ্ধি বন্ধ থাকায়, বাণিজ্যিক শ্রেণীতে গ্যাস লোড বৃদ্ধি পুনরায় চালু করার বিষয়ে বাণিজ্যিক শ্রেণীর গ্রাহকদের প্রতিনিধিগণ সভায় আহবান জানান।
- গৃহস্থালী শ্রেণীর গ্রহকদের প্রতিনিধিগণ গ্যাস বিল বইয়ের মূল্য সম্পর্কে জানতে চাইলে, গ্যাস বিল বই সংশ্লিষ্ট আবিকা থেকে বিনামূল্যে সরবরাহ করা মর্মে অবহিত করা হয়। এছাড়া, বিভিন্ন মোবাইল ব্যাংকিং ও অনলাইনে ভিসা/মাস্টার কার্ডের মাধ্যমেও বিল পরিশোধ করা যায় বলে গ্রাহকদের অবহিত করা হয়।
- সভায় এক প্রশ্নের জবাবে জানানো হয় যে, বর্তমানে গৃহস্থালী গ্যাস সংযোগ/চুলা বৃদ্ধি/চুলা পরিবর্তন (একমুখি চুলা থেকে দ্বিমুখি চুলা ইত্যাদি), বন্ধ আছে (হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও কারাগার ব্যাতিত) তবে, গৃহস্থালী গ্রাহকদের নাম পরিবর্তন, চুলা স্থানান্তর, রাইজার স্থানান্তর ইত্যাদি কার্যক্রম চালু আছে।
- সম্মানিত গ্রাহকগণ প্রিপেইড মিটার সম্পর্কে জানার আগ্রহ প্রকাশ করলে তাঁদের এসম্পর্কে ধারণা প্রদান করা হয়। প্রতিটি চুলায় আলাদা-আলাদা মিটার স্থাপন করা হবে। প্রাথমিকভাবে ৫০,০০০ প্রিপেইড মিটার স্থাপনের জন্য একটি প্রকল্পের কাজ চলমান আছে এবং পর্যায়ক্রমে সকল চুলায় মিটার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভায় অংশিজনদের অবহিত করা হয়।
- মেসার্স ইউরো-বাংলা সিরামিক লিঃ এর প্রতিনিধি তাঁদের গ্যাস বিল বেশী আসার বিষয়ে ধারনা প্রকাশ করলে, মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) মহোদয় জানান যে, প্রকৃত গ্যাস ব্যবহারের বেশী মিটারে প্রদর্শিত হওয়ার কোন সুযোগ বা সম্ভাবনা নাই।
- জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ -কর্তৃক প্রদত্ত সেবার মান সম্পর্কে উপস্থিত অংশিজনদের মতামত চাওয়া হলে

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা শেষে কোম্পানির "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" মোতাবেক সম্মানিত গ্রাহকদের সেবা প্রদানে কোম্পানির কর্মকর্তা/ কর্মচারী ও গ্রাহকগণের পাস্পরিক সহযোগীতার বিষয়ে সকলে একমত হন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০৮/২০২২

(প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন)
মহাব্যবস্থাপক (অপারেশন)
ও
আহবায়ক, "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)" পরিবীক্ষণ
ও হালনাগান করণ সংক্রান্ত কমাটি

বিতরণঃ

১। উপ-মহাব্যবস্থাপক (আরডিডি সিলেট-মেট্রো/সিলেট), জেজিটিডিএসএল, কুমারগাঁও, সিলেট।
২। সকল আবিকা প্রধান (বিপণন ডিভিশন-উত্তর এর আওতাভুক্ত), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ।
৩। দপ্তর নথি।

অনুলিপিঃ

১। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর), জেজিটিডিএসএল, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
২। উপ-ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক. জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

মুজিব শতবর্ষ MUJIB 100

# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
# Jalalabad Gas Transmission and Distribution System Ltd.
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

## বিজ্ঞপ্তি

স্মারক নম্বরঃ ২৮.১৬.৯১০০.০৩১.০০.০০১.২২/৯৩ তারিখ: ২৯ মে ২০২২

"সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২" এর অংশ হিসেবে জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) কর্তৃপক্ষ ও অংশিজনদের সমন্বয়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি" বিষয়ে একটি আলোচনা সভা আগামী ৩১-০৫-২০২২ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় আরডিডি সিলেট মেট্রো এর দপ্তর, কুমারগাঁও, সিলেট-এ আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় আরডিডি সিলেট মেট্রো এর সম্মানিত গ্রাহকবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(বিপ্লব কুমার বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক
আরডিডি, সিলেট মেট্রো, অ.দা.

বিতরণঃ
০১। স্বত্ত্বাধিকারী, মেসার্স ইউসুফ আলী সিএনজি, ঘোপাল, সিলেট।
০২। স্বত্ত্বাধিকারী, মেসার্স ইউরো বাংলা সিরামিক ইন্ডাস্ট্রিজ, বাদাঘাট, সিলেট।
০৩। স্বত্ত্বাধিকারী, মেসার্স প্রিমিয়াম ফিস ইন্ডাস্ট্রিজ, বলাউড়া, সিলেট।
০৪। স্বত্ত্বাধিকারী, মেসার্স মোঘল ব্রেড, টুকেরবাজার, সিলেট।
০৫। স্বত্ত্বাধিকারী, মেসার্স সিয়াম ফুড, টুকেরবাজার, সিলেট।
০৬। স্বত্ত্বাধিকারী, মেসার্স আল-মদিনা রেষ্টুরেন্ট, বাদাঘাট, সিলেট।
০৭। স্বত্ত্বাধিকারী, মেসার্স অপু রেষ্টুরেন্ট, কুমারগাও, সিলেট।
০৮। ব্যবস্থাপক, মেসার্স ফুলকলি ফুডস , বিসিক, খাদিমনগর, সিলেট।
০৯। ব্যবস্থাপক, মেসার্স নিশিতা ফুডস , বিসিক, খাদিমনগর, সিলেট।
১০। কাজী সালেহ আহমদ, বাসা-৮৭/১, পুস্পায়ন আ/এ, সেনপাড়া, সিলেট।
১১। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ঈশিতা চিড়া মুড়ি এ্যান্ড চানাচুর ফ্যা., চালিবন্দর, সিলেট।
১২। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স শতাব্দী ফুড, বড়শলা, সিলেট।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এইচআরসি এগ্রো, বড়শলা, সিলেট।
১৪। ব্যবস্থাপক, মেসার্স আলী বাহার টি গার্ডেন , সিলেট।
১৫। চেয়ারম্যান, মেসার্স নাভানা সিএনজি, চৌকিদেখী, সিলেট।
১৬। স্বত্ত্বাধিকারী, মেসার্স নিউ শরীফ বেকারী, মজুমদারী, সিলেট।
১৭। স্বত্ত্বাধিকারী, মেসার্স পড়শী রেষ্টুরেন্ট, বন্দরবাজার, সিলেট।

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)
০১) মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর/অপারেশন/পরিকল্পনা), জালালাবাদ গ্যাস, সিলেট।
০২) কোম্পানি সচিব, কোম্পানি সচিবালয়, জালালাবাদ গ্যাস, সিলেট।
০৩) উপ-মহাব্যবস্থাপক (পিসিডি/আরডিডি সিলেট জোন), জালালাবাদ গ্যাস, সিলেট।
০৪) ব্যবস্থাপক, আঞ্চলিক বিতরণ কার্যালয় (সিলেট পূর্ব/সিলেট পশ্চিম/ সিলেট পশ্চিম/ সিলেট দক্ষিণ), জালালাবাদ গ্যাস, সিলেট- গ্রাহক বৃন্দের সাথে যোগাযোগক্রমে সভায় উপস্থিতি নিশ্চিতকরণের জন্য।
০৫) উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস, সিলেট- ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।